**এফএএস ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড**
**প্রধান কার্যালয়, ঢাকা**

**নিরাপত্তা প্রহরী সেবা নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

এফএএস ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড-এর প্রধান কার্যালয়ে নিরবচ্ছিন্ন নিরাপত্তা সেবা প্রদানের লক্ষ্যে যোগ্য ও অভিজ্ঞ নিরাপত্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এজেন্সির নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। নির্বাচিত প্রতিষ্ঠানকে কোম্পানির কর্মকর্তা, দর্শনার্থী, সম্পদ ও অফিস প্রাঙ্গণের সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য পেশাদার নিরাপত্তা কর্মী নিয়োজিত রাখতে হবে।

| | |
|---|---|
| পদের নাম | : নিরাপত্তা প্রহরী সেবা (Security Guard Service) |
| সেবা কার্যক্রম শুরুর তারিখ | : ১ ডিসেম্বর ২০২৬ (মঙ্গলবার) |
| ডিউটি রোস্টার | : মোট প্রয়োজনীয় নিরাপত্তা প্রহরী: ০৪ (চার) জন |
| ডিউটি সময়সূচি | : ডে শিফট সকাল ০৮:০০টা হতে রাত ০৮:০০টা পর্যন্ত ও নাইট শিফট রাত ০৮:০০টা হতে সকাল ০৮:০০টা পর্যন্ত |

নিরবচ্ছিন্ন নিরাপত্তা নিশ্চিত করার জন্য রোটেশন ভিত্তিতে ডে শিফটে কমপক্ষে **০৩ (তিন) জন** এবং নাইট শিফটে **০১ (এক) জন** নিরাপত্তা প্রহরী দায়িত্বে নিয়োজিত থাকতে হবে। "প্রয়োজনবোধে কোম্পানি যথাযথ মনে করলে নিরাপত্তাকর্মীর সংখ্যা বৃদ্ধি বা হ্রাস করার অধিকার সংরক্ষণ করে।"

**দায়িত্ব ও কর্তব্য**

নিয়োজিত নিরাপত্তা কর্মীদের দায়িত্ব ও কর্তব্যের মধ্যে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে:

১। কোম্পানির নির্ধারিত স্থানে সার্বক্ষণিক নিরাপত্তা নিশ্চিত করা।
২। কর্মকর্তা-কর্মচারী ও দর্শনার্থীদের প্রবেশ ও প্রস্থান পর্যবেক্ষণ করা।
৩। অননুমোদিত প্রবেশ প্রতিরোধ এবং দর্শনার্থী নিয়ন্ত্রণ ব্যবস্থা বজায় রাখা।
৪। অফিস প্রাঙ্গণে নিয়মিত টহল ও নজরদারি পরিচালনা করা।
৫। যেকোনো সন্দেহজনক কার্যক্রম, দুর্ঘটনা, চুরি, ক্ষয়ক্ষতি,নিরাপত্তা বিঘ্নের ঘটনা তাৎক্ষণিকভাবে কোম্পানির কর্তৃপক্ষকে অবহিত করা।
৬। দায়িত্ব পালনের সময় শৃঙ্খলা, পেশাদারিত্ব ও ভদ্র আচরণ বজায় রাখা।
৭। অগ্নিকাণ্ড, জরুরি নির্গমন বা অন্য যেকোনো জরুরি পরিস্থিতিতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।
৮। নিরাপত্তা রেজিস্টার ও ঘটনা বিবরণী যথাযথভাবে সংরক্ষণ করা।
৯। নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে কোম্পানির ব্যবস্থাপনার সাথে সমন্বয় সাধন করা।
১০। কোম্পানির কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য নিরাপত্তা সংশ্লিষ্ট দায়িত্ব পালন করা।

**আবেদনপত্রের সাথে যা যা দাখিল করতে হবে**

আগ্রহী নিরাপত্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান/এজেন্সিকে নিম্নোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে:

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর আবেদনপত্র।
২। বৈধ ট্রেড লাইসেন্সের অনুলিপি।
৩। প্রতিষ্ঠানের টিআইএন সার্টিফিকেট এবং বিআইএন/ভ্যাট নিবন্ধন সনদের অনুলিপি।
৪। ২৪ ঘন্টা নিরাপত্তা সেবা প্রদানের জন্য ক্যাটাগরি-এ এবং ক্যাটাগরি-বি অনুযায়ী মূল্য প্রস্তাব/রেট শিডিউল।
৫। কর্পোরেট নিরাপত্তা সেবা প্রদানের অভিজ্ঞতাসহ প্রতিষ্ঠানের প্রোফাইল।
৬। অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র।

**আবেদন জমাদানের শেষ তারিখ**

আবেদনপত্র আগামী **১১ নভেম্বর ২০২৬ (বুধবার)** তারিখের মধ্যে কোম্পানির প্রধান কার্যালয়ে পৌঁছাতে হবে।

**আবেদন জমাদানের ঠিকানা**

**এইচআর অ্যান্ড অ্যাডমিন বিভাগ**
এফএএস ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড
প্রধান কার্যালয়, সুভাস্তু ইমাম স্কয়ার
৬৫, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।

**নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র সরাসরি হার্ডকপি আকারে প্রধান কার্যালয়ে জমা প্রদান করা যাবে।**

**বিশেষ দ্রষ্টব্য: কোম্পানি কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদন গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে।**